দৈনিক
ইনকিলাব

তারিখ 5 JUN 2013
পৃষ্ঠা ৭

# প্রযুক্তি নির্ভর শিক্ষা ক্ষেত্রে মাদরাসা ছাত্রীদের এগিয়ে যেতে হবে

-প্রফেসর ড. দিলারা চৌধুরী

বগুড়া থেকে স্টাফ রিপোর্টার

ইনফরমেশন টেকনোলজি এবং শিক্ষা ক্ষেত্রে ছাত্রদের পাশাপাশি মাদরাসা ছাত্রীদের মানোন্নয়নের লক্ষ্যে গত সোমবার বগুড়ার গাবতলী উপজেলার জয়ভোগা দাখিল মাদরাসায় ছাত্রী মিলনায়তন এবং কম্পিউটার ট্রেনিং সেন্টার উদ্বোধন করা হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের প্রধান (অবঃ) প্রফেসর ড. দিলারা চৌধুরীর অর্থায়নে তার পিতা-মাতার নামে প্রতিষ্ঠিত আনোয়ারা-নাসিম উদ্দিন মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে বেসরকারী এ প্রতিষ্ঠানের উদ্বোধন করা হয়েছে। দৈনিক বগুড়ার সম্পাদক মোঃ রেজাউল করিম বাদশা ফিতে কেটে এর উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধনের আগে মাদ্রাসার প্রতিষ্ঠাতা সভাপতি জহুরুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বগুড়া জেলা পরিষদের প্রশাসক ডাঃ মকবুল হোসেন, সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল মালেক সরকার (মালু মাস্টার), বাংলাভিশনের ব্যুরো প্রধান আব্দুর রহিম বগ্‌রা, কোরিয়াস্থ গ্লোবাল ফ্যামিলী মুভমেন্ট সেন্টারের বাংলাদেশ পরিচালক মাহবুবর রহমান ছোটন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গোলাম কিবরিয়া, দৈনিক ইনকিলাব বগুড়ার স্টাফ রিপোর্টার মাহফুজ মণ্ডল, মাদ্রাসার সুপার হাফেজ আব্দুল্লাহ, শিক্ষক আকরাম বিন হামেদ, সামছুদ্দিন, সারোয়ার হোসেন রানা, প্রশিক্ষক মাসুদ রানা, সাবেক পৌর কাউন্সিলর আব্দুল লতিফ, রুবেল প্রমুখ। অনুষ্ঠানে প্রফেসর ড. দিলারা চৌধুরী বলেন, মাদ্রাসা ও গ্রামের পিছিয়ে পড়া শিক্ষাব্যবস্থা সম্পর্কে নেতিবাচক ধারণা লালন না করে সেখানে প্রযুক্তি নির্ভর বিজ্ঞানভিত্তিক শিক্ষার সুযোগ সৃষ্টির জন্য রাষ্ট্রের পাশাপাশি সমাজের সামর্থ্যবান ব্যক্তিদের এগিয়ে আসতে হবে।